

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ মার্চ ২০১৫

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬৫.২০১৫-৩০৩—যেহেতু, জনাব মোঃ আরিফুর রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, শেরপুর উপজেলা পরিষদ, বগুড়া-এর বিরুদ্ধে পরিষদ বা রাষ্ট্রের স্বার্থের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে ১৮-৬০ সালের দণ্ড বিধি, ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য উপাদানাবলী আইন ও ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের আওতায় মামলা হওয়ায় এবং বিধি বহির্ভূতভাবে পলাতক থাকায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(১)(খ) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে ;

যেহেতু, জনাব মোঃ আরিফুর রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, শেরপুর উপজেলা পরিষদ, বগুড়া-এর বিরুদ্ধে ১৩(১)(খ) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম শুরু হওয়ায় তার দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ) (১) অনুসারে বগুড়া জেলার শেরপুর উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আরিফুর রহমান মিলনকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জুলিয়া মঈন  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব) উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৭৫৯ )

মূল্য : টাকা ৪.০০